

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ছাত্র-উপদেষ্টা দপ্তর

বিজ্ঞপ্তি

পত্রনং- ১০০৯৯/ছা:উ:

তারিখ : ১৪.১১.২০১৮

সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যকারিতার জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ নাতি-নাতনি কোটায় ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে ভর্তির জন্য নিম্নলিখিত তারিখ ও সময়-সূচি অনুযায়ী রাজশাহী বিশ্ববিদ্যালয় শহীদ সুখরঞ্জন সমাদ্দার ছাত্র-শিক্ষক সাংস্কৃতিক কেন্দ্রে নির্বাচনী সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে:

মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ নাতি-নাতনি কোটা:

তারিখ	সাক্ষাৎকারে উপস্থিত ক্রমিক	সময়
১৯ নভেম্বর ২০১৮	১ থেকে ৩৯০ পর্যন্ত	সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত
২০ নভেম্বর ২০১৮	৩৯১ থেকে ৭৮০ পর্যন্ত	সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত
২১ নভেম্বর ২০১৮	৭৮১ থেকে ১১৭৮ পর্যন্ত	সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত

বিঃদ্র:

১) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদপত্র অথবা নম্বরপত্রসহ মূল রেজিস্ট্রেশন কার্ড ও রেজিস্ট্রেশন কার্ডের রোল নম্বর সংবলিত ফটোকপি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধার মূল সনদপত্র, মুক্তিবার্তা ও গেজেটসহ ছাত্র/ছাত্রীকে নির্বাচনী সাক্ষাৎকারে অভিভাবকসহ যথাসময়ে উপস্থিত হতে হবে।

এছাড়া নাতি-নাতনিদের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদপত্র অথবা নম্বরপত্রসহ মূল রেজিস্ট্রেশন কার্ড ও রেজিস্ট্রেশন কার্ডের রোল নম্বর সংবলিত ফটোকপি এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধার মূল সনদপত্র, মুক্তিবার্তা ও গেজেট, নাতি/নাতনি প্রমাণের জন্য নিজের জাতীয় পরিচয়পত্র (যদি থাকে), দাদা/নানা, দাদী/নানী এবং বাবা/মা-এর জাতীয় পরিচয়পত্র, নাতি-নাতনি প্রমাণের জন্য এডিসি/ ইউএনও/ জেলা পরিষদ চেয়ারম্যান/ উপজেলা চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র নিয়ে অভিভাবকসহ আসতে হবে।

২) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ নাতি-নাতনি কোটায় সাক্ষাৎকারের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত ছাত্র-ছাত্রীদের তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট admission.ru.ac.bd তে পাওয়া যাবে।

৩) প্রাথমিকভাবে সাক্ষাৎকারের জন্য নির্বাচিত কোন ছাত্র-ছাত্রীর একাধিক ইউনিটে নাম থাকলে ও একবার সাক্ষাৎকারে অংশগ্রহণ করলে সে সবকটি ইউনিটে উপস্থিত হয়েছে বলে বিবেচিত হবে।

৪) মা অথবা নানী/দাদীর জাতীয় পরিচয়পত্রে পিতা অথবা নানা/দাদার নাম উল্লেখ না থাকে তবে তা প্রমাণের জন্য এডিসি/ ইউএনও/ জেলা পরিষদ চেয়ারম্যান/ উপজেলা চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র নিয়ে অভিভাবকসহ আসতে হবে।

৫) দাদা/দাদী/নানা/নানী/বাবা/মা যদি না থাকে তবে আইনসম্মত অভিভাবক প্রমাণের জন্য এডিসি/ ইউএনও/ জেলা পরিষদ চেয়ারম্যান/ উপজেলা চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র নিয়ে আসতে হবে।

(প্রফেসর ড. লায়লা আরজুমান বানু)

সদস্য-সচিব

মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ নাতি-নাতনি নির্বাচন কমিটি ২০১৮-২০১৯

ও

ছাত্র-উপদেষ্টা

রাজশাহী বিশ্ববিদ্যালয়